গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

**সভাপতি : জনাব জাহিদ মালেক, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**তারিখ : ৩১/১০/২০১৯ খ্রিঃ**

**সময় : বেলা ১১:৩০ টা**

**স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)**

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদ্‌যাপনের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি সভাকে অবহিত করেন যে, সরকার 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের লক্ষ্যে জাতীয় বাস্তবায়ন কমিটি' এবং 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি' গঠন করা হয়েছে। জাতীয় কমিটির নির্দেশনার আলোকে জাতীয় বাস্তবায়ন কমিটির সভাসমূহ এবং এ বিভাগ হতে প্রেরিত প্রস্তাবসমূহ (জাতীয় পর্যায়ের জন্য এবং এ মন্ত্রণালয়ের জন্য) পর্যালোচনা ও পরীক্ষা করে জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ বিবেচিত প্রস্তাবসমূহ নিয়ে একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়, যা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। এ কর্মপরিকল্পনা আওতায় এ বিভাগ সংশ্লিষ্ট কর্মসূচি অন্তর্ভুক্ত আছে, যা সফলভাবে বাস্তবায়নের জন্য আশু পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

২। বিবেচ্য কর্মপরিকল্পনার যেসব ক্ষেত্রে বাস্তবায়নের সময়কাল ও স্থান নির্ধারণ করা হয়নি, সেসব ক্ষেত্রে সময়কাল ও স্থান নির্ধারণপূর্বক জাতীয় বাস্তবায়ন কমিটিকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়েছে। সমন্বিত কর্মপরিকল্পনায় স্বাস্থ্য সেবা বিভাগের সাথে সংশ্লিষ্ট অংশ ইতোমধ্যে এ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং এর বাইরেও জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত নিজস্ব কর্মসূচি বাস্তবায়নে এ বিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। সভায় স্বাস্থ্য সেবা বিভাগের সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব জনাব শেখ ইউসুফ হারুন, স্বাস্থ্য ও পরিবার কল্যার মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন দপ্তর/সংস্থার প্রধানগণ এবং দুই বিভাগের অতিরিক্ত সচিব ও যুগ্মসচিবসহ আরো অনেকে উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযোজিত।

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) জাতির পিতা শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির কর্মসূচির সাথে সঙ্গতি রেখে জাতীয় শোক দিবস ২০২০ পালন করা হবে। উক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃংখলা), স্বাসেবি | - | আহবায়ক |
| ২. | পরিচালক (প্রশাসন), স্বাঃ অধিঃ | — | সদস্য |
| ৩. | প্রধান, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো | — | সদস্য |
| ৪. | সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩) | — | সদস্য |
| ৫. | উপসচিব, প্রশাসন-২, স্বাসেবি | — | সদস্য সচিব |

খ) মোবাইল ভ্যানে দেশজুড়ে জনগণের স্বাস্থ্যসেবা ও সচেতনতা সৃষ্টির উদ্যোগ গ্রহণ করা হবে। উক্ত সচেতনতা সৃষ্টির কাজ সুষ্ঠুভাবে করার জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাসেবি | - | আহবায়ক |
| ২. | ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট | — | সদস্য |
| ৩. | যুগ্মসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যঃ) | - | সদস্য |
| ৪. | পরিচালক (হাসপাতাল), স্বাঃ অধিঃ | — | সদস্য |
| ৫. | উপসচিব (বসরকারী স্বাস্থ্য ব্যঃ-১) | - | সদস্য সচিব |

গ) টাইপ ওয়ান ডায়াবেটিক রোগীদের বিনামূল্যে ইনসুলিন প্রদান কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত কর্মসূচি পালনের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলঃ

তারিখ ........./........./২০.......... খ্রিঃ
১। ... ... ... সচিব (জনস্বাস্থ্য)
২। ... ... ... সচিব (জনস্বাস্থ্য-১)
৩। ... ... ... সচিব (জনস্বাস্থ্য-২)
৪। ... ... ... সচিব (বিশ্বস্বাস্থ্য)
৫। ... ... ... সচিব (বিশ্বস্বাস্থ্য-১)
৬। ... ... ... সচিব (বিশ্বস্বাস্থ্য-২)

১. অতিরিক্ত সচিব (বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য) - আহবায়ক
২. অধ্যাপক এ কে আজাদ খান, বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি, শাহবাগ, ঢাকা – সদস্য
৩. যুগ্মসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যঃ-১) - সদস্য
৪. পরিচালক (হাসপাতাল), স্বাঃ অধিঃ – সদস্য
৫. উপসচিব (জনস্বাস্থ্য-১) – সচিব
৬. উপসচিব (জনস্বাস্থ্য-২) - সদস্য সচিব

ঘ) মাসব্যাপী ও বছরব্যাপী নতুন নতুন কর্মপরিকল্পনা তৈরি ও রাষ্ট্রীয় অনুষ্ঠানের সাথে মিলিয়ে অনুষ্ঠান করা হবে। উক্ত অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলঃ

১. অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাসেবি - আহবায়ক
২. যুগ্মসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যঃ) - সদস্য
৩. পরিচালক (প্রশাসন), স্বাঃ অধিঃ – সদস্য
৪. পরিচালক (পরিকল্পনা), স্বাঃ অধিঃ – সদস্য
৫. উপসচিব (সরকারী স্বাস্থ্য ব্যঃ-২) - সদস্য সচিব

ঙ) জাতির পিতা শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে দেশের প্রতিটি হাসপাতালে একটি দীর্ঘজীবী গাছলাগানোর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলঃ

১. অতিরিক্ত সচিব (বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য) - আহবায়ক
২. অতিরিক্ত মহাপরিচালক, স্বাঃ অধিঃ - সদস্য
৩. যুগ্মসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যঃ) - সদস্য
৪. পরিচালক (হাসপাতাল), স্বাঃ অধিঃ – সদস্য
৫. উপসচিব (জনস্বাস্থ্য-১) – সদস্য সচিব

চ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে দেশের প্রতিটি সরকারি হাসপাতালে জেরিয়াট্রিক ওয়ার্ড খোলার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত জেরিয়াট্রিক ওয়ার্ড খোলার জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলঃ

১. অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাসেবি - আহবায়ক
২. যুগ্মসচিব (উন্নয়ন), স্বাসেবি - সদস্য
৩. পরিচালক (হাসপাতাল), স্বাঃ অধিঃ – সদস্য
৪. উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যঃ-২) - সদস্য
৫. উপসচিব (সরকারী স্বাস্থ্য ব্যঃ-১) - সদস্য সচিব

৪। কমিটি যথাশীঘ্র সভা করে করণীয় কর্মপন্থা নির্ধারণ করে দ্রুত কাজ করবেন এবং সচিব মহোদয়ের কাছে রিপোর্ট করবেন।

৫। **উল্লিখিত কমিটিসমূহে প্রয়োজনে সদস্য কো-অপ্ট করা যাবে।** অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
০৭-১১-২০১৯
(জাহিদ মালেক)
মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়